গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(নেজারত শাখা)
www.pirojpur.gov.bd

নম্বর- ০৫.১০.৭৯০০.০০৬.১২.০০১.২৩- ৪২৮

তারিখ : ২৭ বৈশাখ ১৪৩০
১০ মে ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা এর ৩১.০১.২০২৩ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০০৩.২৩- ২৭ নং স্মারকের পরিপ্রেক্ষিতে পিরোজপুর জেলা প্রশাসকের কার্যালয়ের আইসিটি শাখায় এবং পিরোজপুর জেলা সার্কিট হাউজে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ২০তম গ্রেডের নিম্নবর্ণিত ৪র্থ শ্রেণির কর্মচারীদের শূন্য পদসমূহে অস্থায়ীভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | দপ্তরের নাম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয় পিরোজপুর | অফিস সহায়ক | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- ( গ্রেড-২০) | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | সার্কিট হাউজ, পিরোজপুর | বেয়ারার | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- ( গ্রেড-২০) | |
| | | মালি | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- ( গ্রেড-২০) | ৮ম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | | পরিচ্ছন্নতাকর্মী | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- ( গ্রেড-২০) | |
| মোট = ০৪ (চার) টি | | | | | |

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে জন্মসূত্রে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে নির্ধারিত চাকুরীর আবেদন ফরম স্পষ্টাক্ষরে ও স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd অথবা জেলা প্রশাসক, পিরোজপুর এর www.pirojpur.gov.bd ওয়েব সাইট এবং জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর এর নেজারত শাখা হতে সংগ্রহ করা যাবে।

০৩। আবেদনপত্র আগামী ০৮.০৬.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের (বিকাল ০৫:০০ টার) মধ্যে জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। পূর্বে যে সকল আবেদনকারী উপরে উল্লিখিত পদের জন্য আবেদন করেছেন, সে সকল আবেদনকারীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

০৪। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখে (০৮.০৬.২০২৩) প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তানদের ক্ষেত্রে তাঁদের পিতা/মাতার সনদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পিরোজপুর এর তালিকাভুক্তির সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৬। মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার এবং ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের জন্য কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারি সর্বশেষ বিধিবিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রাথীকে তাঁর কোটার দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে; অন্যাথায় তাঁকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

০৭। খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম ও কোটা (যদি থাকে) এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা লিখতে হবে।

০৮। পরীক্ষার ফি বাবদ 'জেলা প্রশাসক, পিরোজপুর' এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে, পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

০৯। প্রার্থী যে ঠিকানায় আবেদনপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর লিখে ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৪.৫´´x ১০´´ সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি আবেদনের নির্ধারিত স্থানে লাগাতে হবে; ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে।

১২। প্রার্থীকে আবেদনপত্রের সাথে কোন কাগজপত্র সংযুক্ত করতে হবে না। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ সকল প্রকার সনদের (কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসহ) মূলকপি প্রদর্শন করতে হবে।

১৩। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ০৫.০৪.২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭- ৯৬ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোন বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং আনছার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হলে পদসমূহ সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে।

১৪। প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। পদসংখ্যা কম-বেশি করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ জাহেদুর রহমান
জেলা প্রশাসক
পিরোজপুর
ফোন-০২৪-৭৮৮৯০৪০০
e-mail: dcpirojpur@mopa.gov.bd

নম্বর- ০৫.১০.৭৯০০.০০৬.১২.০০১.২৩- ৪২৮ /১ (১৫৯)

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩০ / ১০ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৭। জেলা প্রশাসক, ................................. (সকল)
৮। পুলিশ সুপার ................................... (সকল)
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর
১০। সিভিল সার্জন, পিরোজপুর
১১। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক)/(রাজস্ব)/শিক্ষা ও আইসিটি/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর
১২। উপজেলা নির্বাহী অফিসার, ............................... (সকল), পিরোজপুর
১৩। সহকারী কমিশনার, (ভূমি), ............................... (সকল) পিরোজপুর
১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে ও ফেইসবুক পেইজে প্রকাশের অনুরোধসহ)
১৫। জেলা তথ্য অফিসার, পিরোজপুর (বিজ্ঞপ্তিটি মাইকযোগে ব্যপক প্রচারের অনুরোধসহ।)
১৬। সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক পিরোজপুরের কণ্ঠ [বিজ্ঞপ্তিটি ৫´´ x ৩ কলামে অথবা সীমিত পরিসরে আগামী ১৪/০৫/২৩ তারিখের মধ্যে আপনার পত্রিকার ভিতরের পাতায় প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর- এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৭। নোটিশ বোর্ড
১৮। অফিস কপি

জেলা প্রশাসক
পিরোজপুর